উপজেলা পরিষদ

মানিকগঞ্জ সদর

## মানিকগঞ্জ সদর উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী :

সভাপতি : মো: ইসরাফিল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর

সভার তারিখ ও সময় : ২৮ সেপ্টেম্বর ২০২২, সকাল ১১:৪৫ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, মানিকগঞ্জ সদর।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার মানিকগঞ্জ সদর সভা পরিচালনা করেন। সভার আলোচ্যসূচি মোতাবেক বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

### ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সকলে অভিমত ব্যক্ত করেন। | বিস্তারিত আলোচনান্তে কোনরূপ সংশোধন/ সংযোজন ব্যতীরেকে বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার মানিকগঞ্জ সদর |

### ০২। উপজেলা পরিষদের স্থায়ী কমিটিসমূহের কার্যক্রম পর্যালোচনা :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| সভায় উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির কার্যক্রমের বিষয়ে আলোচনা করা হয় এবং প্রমাপ অনুসারে নিয়মিত সকল স্থায়ী কমিটির সভা করার জন্য অনুরোধ করা হয়। | প্রমাপ অনুসারে প্রতিটি স্থায়ী কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানপূর্বক কার্যবিবরণী দাখিল করার জন্য সকল ভাইস চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | ১। সভাপতি ও ভাইস চেয়ারম্যান সকল স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর<br>২। সদস্য সচিব, সংশ্লিষ্ট স্থায়ী কমিটি |

### ০৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) সংক্রান্ত আলোচনা :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী, মানিকগঞ্জ সদর বলেন, ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি খাতে ৫৪,৩৮,০০০/- (চুয়ান্ন লক্ষ আটত্রিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। তিনি বলেন, দ্রুত প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়া হয়েছে। কিন্তু কোন প্রকল্প তালিকা পাওয়া যায়নি।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | দ্রুত প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী মানিকগঞ্জ সদর |

### ০৪। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সংক্রান্ত :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|

| | | |
|---|---|---|
| উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, মানিকগঞ্জ সদর বলেন, গড়পাড়া ইউনিয়নের টেনারী মোড়ে যাত্রী ছাউনীর স্থান নির্ধারণ না হওয়ায় কাজ শুরু করা যাচ্ছে না। তিনি বলেন, আগামী মাসের প্রথম সপ্তাহের মধ্যে সকল তথ্য উপাত্ত ওয়েব পোর্টালে আপলোড না করলে পরবর্তী বছরের বরাদ্দ পাওয়া যাবে না। | সকল তথ্য উপাত্ত ওয়েব পোর্টালে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ভাইস চেয়ারম্যানবৃন্দ উপজেলা পরিষদ, সদর<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান মানিকগঞ্জ সদর<br>৩। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, মানিকগঞ্জ সদর |



### ০৫। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মানিকগঞ্জ সদর বলেন, চলতি মাসে ৬৪ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া টীকা বীজ বিক্রয় বাবদ ২০,৩০০/- (বিশ হাজার তিনশত) টাকা ও কৃত্রিম প্রজনন ফি বাবদ মোট ৪৪,৮৫০/- (চুয়াল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা রাজস্ব আদায় করা হয়েছে। এপিএসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রশিক্ষণ প্রদান ও রাজস্ব আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মানিকগঞ্জ সদরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মানিকগঞ্জ সদর |

### ০৬। উপজেলা মৎস্য বিভাগ :

| | | |
|---|---|---|
| (৫) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মানিকগঞ্জ সদর বলেন, আগামী ০৭ অক্টোবর তারিখ ২০২২ হতে ২৮ অক্টোবর ২০২২ তারিখ পর্যন্ত ২২(বাইশ) দিন **মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২২** পালন করা হবে। এ সময়ে সারাদেশে ইলিশ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ। তিনি এই অভিযান বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আগামী ০৭ অক্টোবর তারিখ ২০২২ হতে ২৮ অক্টোবর ২০২২ তারিখ পর্যন্ত ২২(বাইশ) দিন **মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২২** বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মানিকগঞ্জ সদর |

### ০৭। উপজেলা কৃষি বিভাগ :

| | | |
|---|---|---|
| উপজেলা কৃষি কর্মকর্তা, মানিকগঞ্জ সদর বলেন, দিঘী ইউনিয়নের গজারিয়া চকে প্রায় ৪,০০০ বিঘা জমি জলাবদ্ধতার কারণে বোরো মৌসুমে সরিষা, আউশ ও আমন মৌসুমে কোন ফসল আবাদ করা যায় না। জলবায়ু ট্রাস্ট ফান্ডের অর্থায়নে পশ্চিম সেওতায় প্রায় ৩০০ মিটার দৈর্ঘ্যের রাস্তাসহ নির্গমন নালা তৈরি করা হয়েছে। কিন্তু পানি নির্গমন নালা অনেক উপরে হওয়ায় পানি বের হতে পারে না। ফলে জলাবদ্ধতা আরো প্রকট হচ্ছে। এমতাবস্থায়, জলাবদ্ধতা দূরীকরণে কৃষি বিভাগ ও এলজিইডি যৌথভাবে কাজ করছে। তিনি বলেন, জলাবদ্ধতা দূরীকরণে সহযোগিতা করার জন্য মেয়র, মানিকগঞ্জ পৌরসভা ও জেলা প্রশাসক, মানিকগঞ্জ বরাবর আবেদন করা হয়েছে। তিনি দিঘী ইউনিয়নের গজারিয়া চকের প্রায় ৪,০০০ বিঘা জমির জলাবদ্ধতা দূরীকরণের বিষয়টি জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। এ ছাড়া তিনি বলেন, সারের কোন ঘাটতি নেই। পর্যাপ্ত সার মজুদ আছে এবং সরকারি মূল্যে বিক্রি করা হচ্ছে।<br><br>উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর বলেন, সারের সরকারি মূল্য তালিকা ডিলারের দোকানে টাঙ্গিয়ে রাখতে হবে এবং ইউপি চেয়ারম্যানদের নিকট ডিলারের তালিকা পাঠাতে হবে। ইউপি চেয়ারম্যানগণ বিষয়টি মনিটরিং করবেন। | ১। দিঘী ইউনিয়নের গজারিয়া চকের প্রায় ৪,০০০ বিঘা জমির জলাবদ্ধতা দূরীকরণের বিষয়টি জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। সারের সরকারি মূল্য তালিকা ডিলারের দোকানে টাঙ্গিয়ে রাখতে হবে এবং ইউপি চেয়ারম্যানদের নিকট ডিলারের তালিকা পাঠাতে হবে। ইউপি চেয়ারম্যানগণ বিষয়টি মনিটরিং করবেন। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার মানিকগঞ্জ সদর<br>৩। উপজেলা কৃষি কর্মকর্তা মানিকগঞ্জ সদর<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |



**০৮। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**

| | | |
|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মানিকগঞ্জ সদর বলেন, মানিকগঞ্জ সদর উপজেলায় ৭২ টি স্যাটেলাইট ক্লিনিক আছে। তিনি গর্ভবতী মহিলাদের ওজন মাপার জন্য প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে ০১ টি করে ডিজিটাল ওয়েট মেশিন সরবরাহের জন্য অনুরোধ করেন। এ ছাড়া তিনি স্বাস্থ্যসেবার সুবিধার্থে ব্রেস্ট ফিডিং কর্ণারে আসবাবপত্রসহ লাইট ও ফ্যান সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর বলেন, প্রকল্প নির্বাচনের সময় স্যাটেলাইট ক্লিনিকে ডিজিটাল ওয়েট মেশিন এবং ব্রেস্ট ফিডিং কর্ণারে আসবাবপত্রসহ লাইট ও ফ্যান সরবরাহের জন্য প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | স্যাটেলাইট ক্লিনিকে ডিজিটাল ওয়েট মেশিন এবং ব্রেস্ট ফিডিং কর্ণারে আসবাবপত্রসহ লাইট ও ফ্যান সরবরাহের জন্য প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী মানিকগঞ্জ সদর<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মানিকগঞ্জ সদর |

**০৯। উপজেলা সমাজসেবা বিভাগ :**

| | | |
|---|---|---|
| উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মানিকগঞ্জ সদর বলেন, চলতি মাসে ০২ জন ভবঘুরেকে সরকারি আশ্রয়কেন্দ্রে প্রেরণ করা হয়েছে। তিনি বলেন, ২০২২-২০২৩ অর্থ বছরের পে-রোল প্রদান কার্যক্রম চলছে। এ সময়ে সকলকে মোবাইল সচল রাখাসহ সতর্ক থাকার জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন, প্রতিবন্ধি ব্যক্তিদের সুবর্ণ নাগরিক কার্ড প্রদানের কার্যক্রম চলছে। তিনি প্রতিবন্ধি ব্যক্তিদের সনাক্ত করার জন্য প্রতি সপ্তাহের একটি নির্দিষ্ট দিনে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে একজন ডাক্তারকে উপজেলা সমাজসেবা কার্যালয়ে আসার জন্য অনুরোধ করেন। এ ছাড়া তিনি বলেন, ভিক্ষুক পুনর্বাসনের জন্য অর্থ বরাদ্দ পাওয়া গিয়েছে।<br><br>উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর বলেন, ভিক্ষুক পুনর্বাসনের জন্য তালিকা হালনাগাদ করা প্রয়োজন। তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মানিকগঞ্জ সদরকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | ১। ২০২২-২০২৩ অর্থ বছরের পে-রোল ও প্রতিবন্ধি ব্যক্তিদের সুবর্ণ নাগরিক কার্ড প্রদান কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>২। প্রতিবন্ধি ব্যক্তিদের সনাক্ত করার জন্য প্রতি সপ্তাহের একটি নির্দিষ্ট দিনে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে একজন ডাক্তারকে উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, মানিকগঞ্জ সদরকে অনুরোধ করা হয়।<br>৩। ভিক্ষুক পুনর্বাসনের জন্য তালিকা হালনাগাদকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মানিকগঞ্জ সদরকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, মানিকগঞ্জ সদর<br>২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা মানিকগঞ্জ সদর |

**১০। উপজেলা খাদ্য বিভাগ :**

| | | |
|---|---|---|
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মানিকগঞ্জ সদর বলেন, খাদ্য বান্ধব কর্মসূচি চালু হয়েছে। ২১৮ টন চাল বরাদ্দ আছে। কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | সুষ্ঠুভাবে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম বাস্তবায়ন করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মানিকগঞ্জ সদরকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মানিকগঞ্জ সদর |

**১১। মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ বিভাগ :**

| | | |
|---|---|---|
| ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, উচুটিয়া, মানিকগঞ্জ বলেন, শারদীয় দুর্গাপূজায় বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখার বিষয়ে সচেষ্ট থাকবেন। তবে পিক আওয়ারে লোড শেডিং হতে পারে। তিনি পূজামন্ডপে বিদ্যুতের বিকল্প ব্যবস্থা হিসেবে জেনারেটর রাখতে বলেন। এ ছাড়া তিনি বলেন, বিদ্যুতের মিটার ও ট্রান্সফরমার চুরি বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে তিনি পুলিশি নজরদারি বৃদ্ধির আশা করেন। | ১। শারদীয় দুর্গাপূজায় সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, উচুটিয়া, মানিকগঞ্জকে অনুরোধ করা হয়।<br>২। পূজামন্ডপে বিদ্যুতের বিকল্প ব্যবস্থা হিসেবে জেনারেটর রাখার জন্য অনুরোধ করা হয়।<br>৩। বিদ্যুতের মিটার ও ট্রান্সফরমার চুরিরোধে পুলিশি নজরদারি করার জন্য অফিসার ইনচার্জ, সদর থানাকে অনুরোধ করা হয়। | ১। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি উচুটিয়া, মানিকগঞ্জ<br>২। অফিসার ইনচার্জ, সদর থানা<br>৩। সভাপতি/সম্পাদক পূজামন্ডপ কমিটি (সকল) |



**১২। বিবিধ :**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|

| | | |
|---|---|---|
| (০১) চেয়ারম্যান, গড়পাড়া ইউনিয়ন পরিষদ, মানিকগঞ্জ সদর বলেন, তাঁর ইউনিয়নে খাদ্যবান্ধব কর্মসূচির ৯৫০ টি কার্ড আছে। তন্মধ্যে ৩৫৭ টি কার্ড বিতরণ করা হয়েছে। বাকী কার্ডধারীদের খুঁজে পাওয়া যায়নি। এ ছাড়া তিনি বলেন, সকল ভাতাভোগীদের তথ্য হালনাগাদ করা হয়েছে। তাঁর ইউনিয়নে একজন মৃত ভাতাভোগী ভাতা পাচ্ছেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর বলেন, কার্ডধারী ব্যতীত অন্য কাউকে চাল দেয়া যাবে না। | কার্ডধারী ব্যতীত অন্য কাউকে চাল দেয়া যাবে না। সরকারি নির্দেশনানুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মানিকগঞ্জ সদর<br>২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মানিকগঞ্জ সদর |
| (০২) চেয়ারম্যান, হাটিপাড়া ইউনিয়ন পরিষদ, মানিকগঞ্জ সদর বলেন, তাঁর ইউনিয়নের কুমুল্লী চকে কয়েকশ বিঘা জমি রয়েছে। জলাবদ্ধতার কারণে উক্ত জমিতে কোন ফসল আবাদ করা যায় না। তিনি বলেন, জলাবদ্ধতা দূর করতে পারলে গরীব কৃষকদের অবস্থার উন্নতি হবে।<br>এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর ডি,ও পত্রের অনুলিপি সকল ইউপি চেয়ারম্যানকে প্রদানের জন্য অনুরোধ করেন। | হাটিপাড়া ইউনিয়নের কুমুল্লী চকে কয়েকশ বিঘা জমির জলাবদ্ধতা দূরীকরণের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী মানিকগঞ্জ সদর<br>২। উপজেলা কৃষি কর্মকর্তা মানিকগঞ্জ সদর<br>৩। চেয়ারম্যান, হাটিপাড়া ইউপি |
| (০৩) উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর বলেন, উপজেলা পরিষদের ১৪২৯ বাংলা সনের ভূমি উন্নয়ন কর বাবদ ১৬,৮৬০/- (ষোল হাজার আটশত ষাট) টাকার বিল পাওয়া গিয়েছে।<br>এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উপজেলা পরিষদের ১৪২৯ বাংলা সনের ভূমি উন্নয়ন কর বাবদ ১৬,৮৬০/- (ষোল হাজার আটশত ষাট) টাকার বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার মানিকগঞ্জ সদর |
| (০৪) সভায় উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের পৌরকর বাবদ ৮৮,৯১৯/- (আটাশি হাজার নয়শত উনিশ) টাকার বিল পরিশোধের জন্য উপস্থাপন করা হয়।<br><br>এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের পৌরকর বাবদ ৮৮,৯১৯/- (আটাশি হাজার নয়শত উনিশ) টাকার বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার মানিকগঞ্জ সদর |
| (০৫) সভাপতি বলেন, কৃষ্ণপুর ইউনিয়নের কৃষ্ণপুর উত্তর পাড়া গ্রামের শফিকুল ইসলাম নামীয় এক ব্যক্তির বসতঘর আকস্মিক অগ্নিকান্ডে সম্পূর্ণ পুড়ে যাওয়ায় আর্থিক সাহায্য চেয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান বরাবর একটি আবেদন করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | কৃষ্ণপুর ইউনিয়নের কৃষ্ণপুর উত্তর পাড়া গ্রামের শফিকুল ইসলাম নামীয় এক ব্যক্তির বসতঘর আকস্মিক অগ্নিকান্ডে সম্পূর্ণ পুড়ে যাওয়ায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার মানিকগঞ্জ সদর |
| (০৬) উপজেলা প্রকৌশলী, মানিকগঞ্জ সদর বলেন, উপজেলা পরিষদের পুকুরের চতুর্দিকে সৌন্দর্য বর্ধন ও পরিষদের কোয়ার্টারে অবস্থানরতদের সুবিধার্থে ওয়াক ওয়ে নির্মাণের জন্য প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে ৩৯,৮৭,৯২৬/- ( উনচল্লিশ লক্ষ সাতাশি হাজার নয়শত ছাব্বিশ) টাকার একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। উক্ত ওয়াক ওয়ে প্রকল্পের প্রাক্কলন সভায় অনুমোদনপূর্বক বরাদ্দের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে। | উপজেলা পরিষদের পুকুরের চতুর্দিকে ওয়াক ওয়ে নির্মাণ প্রকল্পের ৩৯,৮৭,৯২৬/- (উনচল্লিশ লক্ষ সাতাশি হাজার নয়শত ছাব্বিশ) টাকার প্রাক্কলন অনুমোদনপূর্বক বরাদ্দের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী মানিকগঞ্জ সদর |

| | | |
|---|---|---|
| (০৭) উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর বলেন, গত ১৫.০৯.২০২২ তারিখে মানিকগঞ্জ সদর উপজেলা সামাজিক সম্প্রীতি কমিটির সমাবেশ করা হয়েছে। উক্ত সমাবেশের আয়োজন বাবদ ৬৯,৫০০/- (উনসত্তর হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। তিনি বলেন, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০৪.০৯.২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৯.২০২২-৯৯৮ নং পত্রে সামাজিক-সম্প্রীতি কমিটির কার্যক্রম সংক্রান্ত ব্যয় উপজেলা পরিষদের নিজস্ব রাজস্ব তহবিল হতে নির্বাহের ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়েছে।<br>এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | মানিকগঞ্জ সদর উপজেলার সামাজিক সম্প্রীতি কমিটির সমাবেশ আয়োজন বাবদ ব্যয়িত ৬৯,৫০০/-(উনসত্তর হাজার পাঁচশত) টাকার বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার মানিকগঞ্জ সদর |
| (০৮) উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর বলেন, জয়রা গ্রামের আয়শা আক্তার নামীয় এক মহিলার বাড়ির উপর উপজেলা পরিষদের একটি গাছ ভেঙ্গে পড়ে ক্ষতিগ্রস্ত হওয়ায় আর্থিক সাহায্য চেয়ে আবেদন করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জয়রা গ্রামের আয়শা আক্তার নামীয় এক মহিলার বাড়ির উপর উপজেলা পরিষদের একটি গাছ ভেঙ্গে পড়ে ক্ষতিগ্রস্ত হওয়ায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার মানিকগঞ্জ সদর |
| (০৯) উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর বলেন, উপজেলা পরিষদের বিভিন্ন সভা ও অনুষ্ঠানে আপ্যায়নের জন্য উন্নত মানের কিছু ক্রোকারিজ (প্লেট, হাফ প্লেট, রাইস ডিস, বাটি, গ্লাস, চামচ, কাপ-পিরিচ ইত্যাদি) ক্রয় করা প্রয়োজন।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদের বিভিন্ন সভা ও অনুষ্ঠানে আপ্যায়নের জন্য উন্নত মানের কিছু ক্রোকারিজ (প্লেট, হাফ প্লেট, রাইস ডিস, বাটি, গ্লাস, চামচ, কাপ-পিরিচ ইত্যাদি) ক্রয়পূর্বক বিল-ভাউচার দাখিল সাপেক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার মানিকগঞ্জ সদর |
| (১০) উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর বলেন, ০-০১ বছর বয়সী শিশুদের জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধিপূর্বক প্রদত্ত লক্ষ্যমাত্রা সফল হয়েছে। তিনি বলেন, সর্বোচ্চ জন্ম নিবন্ধনকারী ইউনিয়নকে পুরস্কৃত করা হবে। তিনি লক্ষ্যমাত্রা আরো বৃদ্ধি করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ০-০১ বছর বয়সী শিশুদের জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধিপূর্বক প্রদত্ত লক্ষ্যমাত্রা পূরনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার মানিকগঞ্জ সদর<br>৩। উপজেলা কৃষি অফিসার<br>৪। অফিসার ইনচার্জ,সদর থানা<br>৫। ইউপি চেয়ারম্যান (সকল) |
| (১১) সভাপতি বলেন, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি/এডিপি (রাজস্ব) প্রকল্পের বরাদ্দ পাওয়া গিয়েছে। তিনি দ্রুত প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করেন। তিনি বলেন, দুষ্কৃতিকারীগণ আসন্ন দুর্গাপূজাকে কেন্দ্র করে বিশৃংখলা সৃষ্টি করতে পারে। এতে সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন হতে পারে। তিনি পুলিশি টহল বৃদ্ধির জন্য অনুরোধ করেন এবং শারদীয় দুর্গাপূজা উৎসবমূখর ও শান্তিপূর্ণ পরিবেশে উদযাপনের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি/এডিপি (রাজস্ব) প্রকল্পের প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী দ্রুত প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী মানিকগঞ্জ সদর<br>২। অফিসার ইনচার্জ, সদর থানা<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপজেলা পরিষদের সকল কর্মকর্তা/কর্মচারীদের সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ইসরাফিল হোসেন)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
মানিকগঞ্জ সদর

-০৬-

১৯ আশ্বিন ১৪২৯
স্মারক নং ০৫.৩০.৫৬৪৬.০০০.০৫.০০২.২২-১০০৮/১(৫০)    তারিখ : ------------------
০৪ অক্টোবর ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, নির্বাচনী এলাকা মানিকগঞ্জ -৩/২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ।
০৪। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৬। মেয়র, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ ।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

০৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর।
০৮। উপজেলা ----------------------------------------------------------------অফিসার, মানিকগঞ্জ সদর।
০৯। চেয়ারম্যান, -----------------------------ইউনিয়ন পরিষদ (সকল), মানিকগঞ্জ সদর।
১০। জনাব-----------------------------------------------------সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, মানিকগঞ্জ সদর।
১১। জনাব -------------------------------------------------------------মানিকগঞ্জ।

(জ্যোতিশ্বর পাল)
উপজেলা নির্বাহী অফিসার
মানিকগঞ্জ সদর
ফোন : ০২-৯৯৬৬১০৫৩৯
মোবা : ০১৭১৩-৩৫৩৩১৬
ইমেইল:uno.manikgonjsadar@gmail.com